

ইসলামিক ফাউন্ডেশন পাবনা জেলা কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Islamic Foundation
Pabna District)

সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান প্রধান অর্জন :

ইসলামের প্রচার ও প্রসারের লক্ষ্যে ১৯৭৫ সালের ২২ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক অধ্যাদেশ বলে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে ১৯৭৫ সালের ২৮ মার্চ বাংলাদেশ জাতীয় সংসদে অ্যাক্ট আকারে তা অনুমোদিত হয়। ইসলামিক ফাউন্ডেশন অ্যাক্ট অনুযায়ী ইসলামের সমুন্নত আদর্শ ও মূল্যবোধের লালন ও চর্চা করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে।

বর্তমানে ইসলামিক ফাউন্ডেশন ধর্মীয় এবং আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহন করেছে। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় পাবনা জেলায় ৫০৪টি প্রাকপ্রাথমিক, ৬৯৭ টি কোরআন শিক্ষা ও ১২ টি বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে। বিগত ৩ বছরে ৪৩,৪১০ জন শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা ৬২,৫১০ জন শিক্ষার্থীকে কোরআন শিক্ষা এবং ৯০০ জন বয়স্ক-শিক্ষার্থীকে ধর্মীয় ও নৈতিকতা বিষয়ক শিক্ষা প্রদান করা হয়েছে। মানুষের মধ্যে নৈতিকতা ও ইসলামিক মূল্যবোধের বিকাশ সাধন ও ইসলামের প্রচার প্রসারের লক্ষ্যে বিগত বছরসমূহে সর্বমোট ৭১৮টি টাইটেলের ৬,০৪৫ টি বই বিপণন করা হয়েছে। ধর্মীয় নেতৃবৃন্দ/ ইমাম সাহেবগণ তৃণমূল পর্যায়ে জনগণের সবচেয়ে নিকটতম ধর্মীয় ব্যক্তিত্ব হিসেবে গণ্য হয়ে থাকেন। সমাজের নৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ইমাম প্রশিক্ষণ একাডেমীর মাধ্যমে তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বিগত তিন বছরে ১৬৫ জনকে ইমাম প্রশিক্ষণের জন্য মনোনীত করা হয়েছে। স্কুল, কলেজ ও মাদ্রাসায় অধ্যয়নরত শিশু-কিশোরদের নৈতিকতা উন্নয়নের জন্য ২৮ টি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গত ৩ বছরে সর্বমোট ৫৮ টি মসজিদ পাঠাগার স্থাপন করা হয়েছে। বিগত ০৩ বছরে মোট ১৪,১৪,৭৬৭/- টাকা যাকাত সংগ্রহ করা হয়েছে এবং ২৪৫ জনকে যাকাত প্রদান করা হয়েছে। ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টে মাধ্যমে ২২৫ জনকে আর্থিক সাহায্য প্রদান এবং ৩৬ জনকে সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে।